

# ‘তথ্য প্রযুক্তিখাতে দক্ষিণ-পূর্ব এশিয়ায় পাইওনিয়ার হবে বাংলাদেশ’

- [লিপি হালদার, যুক্তরাজ্যের লন্ডন থেকে, বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম](#)  
Published: 2015-11-15 20:41:29 BdST



১৩ ও ১৪ নভেম্বর লন্ডনে অনুষ্ঠিত হয়েছে দুদিনব্যাপী ইউকে-বাংলাদেশ ই-কর্মাস মেলা।

যুক্তরাজ্যের রাজধানী লন্ডনের ওয়াটারলিলিতে শুক্রবার দুদিনব্যাপী মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ।

উদ্বোধনী বক্তব্যে বাণিজ্যমন্ত্রী বাংলাদেশকে দক্ষিণ-পূর্ব এশিয়ার সবচেয়ে দ্রুতবর্ধনশীল অর্থনীতির দেশ আখ্যা দেওয়ার পাশাপাশি বলেন, “তথ্য প্রযুক্তিখাতে দক্ষিণ-পূর্ব এশিয়ায় পাইওনিয়ার হবে বাংলাদেশ।”

উদ্বোধনী দিনে যুক্তরাজ্য ও সিঙ্গাপুর ভিত্তিক চারটি প্রতিষ্ঠানের সঙ্গে বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষের ২শ’ কোটি ডলার বিনিয়োগের চুক্তি স্বাক্ষর হয়েছে বলে এক সংবাদ বিজ্ঞপ্তিতে আয়োজক কর্তৃপক্ষ জানিয়েছে। এই চারটি প্রতিষ্ঠান আগামী ৫ বছরে বাংলাদেশে তথ্য প্রযুক্তি খাতে এই বিনিয়োগের ব্যাপারে আগ্রহ প্রকাশ করেছে।

তোফায়েল আহমেদ তার বক্তব্যে তথ্যপ্রযুক্তি, ওষুধ, জাহাজ ভাঙা, চামড়া, পাট, আসবাব ও কৃষিপণ্য শিল্পকে সবচেয়ে সম্ভাবনাময় ও লাভজনক বিনিয়োগের খাত হিসেবে উল্লেখ করে ব্রিটেন প্রবাসীদের বাংলাদেশে বিনিয়োগ করারও আহ্বান জানান।



তথ্য ও প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী জুনায়েদ আহমদ পলক বাংলাদেশের হাইটেক পার্কে বিনিয়োগ সম্ভাবনার দিক তুলে ধরেন। দেশের প্রত্যেকটি খাতকে ডিজিটাল রূপ দিতে আগামী ২ বছরে ১ লাখ তরুণকে আইসিটি ট্রেনিংয়ের আওতায় নিয়ে আসার পাশাপাশি দেশের সকল বিভাগে হাইটেক পার্ক গড়ে তোলার সরকারি উদ্যোগের কথা জানান তিনি।

উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাই কমিশনার মোহাম্মদ আব্দুল হান্নান। আর ব্রিটিশ অলপার্টি পার্লামেন্টারি গ্রুপের চেয়ার পল স্কালির মুখে ছিল বাংলাদেশের ক্রমবর্ধমান অর্থনৈতিক প্রবৃদ্ধির প্রশংসা।

এছাড়াও উপস্থিত ছিলেন জন রেডউড এমপি, মেলার অন্যতম স্পন্সর এনআরবি ব্যাংকের চেয়ারম্যান ইকবাল আহমদ ওবিই, প্রধান আয়োজক কম্পিউটার জগৎ এর চিফ এক্সিকিউটিভ আব্দুল ওয়াহিদ তমাল প্রমুখ।

এই মেলায় যুক্তরাজ্যের আইটি ও টেলিকমিউনিকেশনস খাতের শীর্ষ কর্মকর্তাদের অংশগ্রহণে মোট ৬টি সেমিনার ছাড়াও আগ্রহী বিনিয়োগকারীদের উপস্থিতিতে বিটুবি সেশন হয়েছে।

এই মেলায় বাংলাদেশ ও যুক্তরাজ্যের অর্ধশতাধিক প্রতিষ্ঠান অংশ নেয়।

*প্রবাস জীবনের অভিজ্ঞতা এখন থেকে সরাসরি আমাদেরকে জানাতে পারেন। পুরো নাম, ঠিকানা ও হবিসহ লেখা পাঠিয়ে দিন এই*

*ঠিকানায় [probash@bdnews24.com](mailto:probash@bdnews24.com)*